

প্রশিক্ষণ শাখার কার্যাবলী

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর প্রশিক্ষণ শাখা অত্র ইনস্টিটিউটের বার্ষিক প্রশিক্ষণ কর্ম-পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করে থাকে। এই শাখা ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীর দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে, যার মধ্যে নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা, কর্মচারীদের জন্য প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে বিভিন্ন বিষয়ের উপর ইন-সার্ভিস ট্রেনিং, অফিস ব্যবস্থাপনা, প্রকিউরমেন্ট, জাতীয় শুদ্ধাচার, আইসিটি এবং আর্থিক ব্যবস্থাপনা, ইত্যাদি বিষয়সহ রিফ্রেশার্স কোর্সের আয়োজন করা। এছাড়া প্রশিক্ষণ শাখা নব-নিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণে অংশ গ্রহণের ব্যবস্থা করা সহ দেশী- বিদেশী বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার –এ অংশ গ্রহণের জন্য চাহিদা ভিত্তিক মনোনয়ন দেয়া সহ প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয় সাধন করে থাকে। বাংলাদেশ বেতারে মৃত্তিকা ও ভূমি ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন বিষয়ের উপর বেতার কথিকা প্রচারের ত্রৈমাসিক পরিকল্পনা প্রনয়ন এবং সমন্বয় সাধন করে থাকে। সর্বোপরি প্রশিক্ষণ শাখা অত্র ইনস্টিটিউটের প্রশিক্ষণপ রিচালনার জন্য প্রশিক্ষণ উপকরণ প্রস্তুতকরণ এবং অডিও ভিজুয়াল সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা করে থাকে।